



তথ্যবিবরণী

নম্বর-১৯৫

তারুণ্য সময় নয় এটি একটি সুযোগ

- স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা

রাজশাহী; ২৭ মাঘ (১০ ফেব্রুয়ারি):

তারুণ্যকে একটি সুযোগ বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, তারুণ্য শুধু একটি বয়স বা কাল নয় এটি একটি মানসিকতা, একটি দৃষ্টি, একটি আভ্যন্তরীণ শক্তি যা পৃথিবীকে নতুনভাবে দেখতে শেখায়। তারুণ্য প্রজন্ম সমাজের চালিকাশক্তি।

আজ সোমবার (১০ ফেব্রুয়ারি) বিকালে রাজশাহী স্যাটেলাইট টাউন হাইস্কুল মাঠে তারুণ্যের মেলা-২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা বলেন, আধুনিক জ্ঞান, উদ্ভাবন এবং সামাজিক পরিবর্তনের সকল অগ্রগতি তারুণ্যের হাত ধরে এসেছে এবং আসবে। পরিবর্তনশীল পৃথিবীতে তারুণ্যের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকে তারুণ্য যে প্রতিভা, উদ্ভাবন ও সৃজনশীলতা দেখাচ্ছে তা আমাদের ভবিষ্যৎকে উজ্জ্বল করবে।

তিনি বলেন, বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় দুই-তৃতীয়াংশই তারুণ্য। দেশের মধ্যম বয়স ২৭ যার অর্থ জনসংখ্যার অর্ধেকের বয়স ২৭ বা তার কম। এ থেকে বোঝা যায় আমরা সীমাহীন মানব শক্তি, সৃজনশীলতা ও উদ্যোগে ভরা এক দেশে পরিণত হতে যাচ্ছি। প্রযুক্তি বরণ করে নেয়ার মধ্য দিয়ে এদেশ দ্রুত এগিয়ে যেতে পারে।

নাগরিকদের সমস্ত মানবাধিকার ও দেড় দশক ধরে দেশের সম্পদ লুণ্ঠন করা ফ্যাসিবাদী শাসকগোষ্ঠীর পতনের নেতৃত্ব দিয়েছে তারুণ্য- এমন মন্তব্য করে তিনি বলেন, তাদের ডাকে সাড়া দিয়ে পুরো জাতি ফ্যাসিবাদ বিরোধী বিপুল যোগ দেয় এবং নতুন এক বাংলাদেশ গড়ার প্রতিজ্ঞা করে। এ জাতির রন্ধে রন্ধে এখন পরিবর্তনের আকাজক্ষা। আজকের এই মেলা আমাদের সবার জন্য এক বিশেষ মুহূর্ত।

তিনি এসময় তারুণ্যের নিজের উপর বিশ্বাস রাখতে, নতুন কিছু শিখতে এবং সৃজনশীলতার পথে চলে অন্যের জন্য কিছু করার চেষ্টা করার আহ্বান জানান।

অনুষ্ঠানে রাজশাহী বিভাগীয় কমিশনার খন্দকার আজীম আহমেদ, জেলা প্রশাসক আফিয়া আখতারসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষার্থী এবং সুধিজনসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা। এর আগে ক্ষুদ্র নৃগোষ্ঠীরা বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৭:২০ঘ.